## মেগা রক্তদান শিবির উদয়পুরে

দর্পণ প্রতিনিধি, উদয়পুর, ২২ **ডিসেম্বর।।** বুধবার এক মেগা রক্তদান শিবিরের আয়োজন করলো উদয়পুর নেতাজী সূভাষ মহাবিদ্যালয়ের এন এস এস ইউনিট এর ছাত্র ছাত্রীরা। উদয়পুর নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের এন এস এস ইউনিটের সাতদিন ব্যাপী বিশেষ শিবিরের অঙ্গ হিসেবে বুধবার এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়। সার্বিক সহযোগিতায় ছিলো নেতাজী সূভাষ মহাবিদ্যালয়ের এলামনি এসোসিয়েশন এর প্রাক্তন ছাত্র ছাত্রীরা। এদিন প্রদীপ প্রজ্জ্বলন করে এই রক্তদান শিবিরের উদ্ভোধন করেন কৃষি পরিবহন ও পর্যটন দপ্তরের মন্ত্রী প্রনজিৎ সিংহ রায়।এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী প্রবীর দাস, উদয়পুর নেতাজী সূভাষ মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডঃ সুধন দেবনাথ, সমাজসেবী রাকেশ শীল, অধ্যাপক অঞ্জন পোদ্দার, গোমতী জেলা ব্রাড ব্যাঙ্ক ইনচার্জ ডাঃ সঞ্জিত নোয়াতিয়া, উদয়পর নেতাজী সভাষ মহাবিদ্যালয়ের এন এস এস পোগ্রাম অফিসার প্রদীপ চক্রবর্তী প্রমুখ। এদিন এই রক্তদান শিবিরের উদ্ভোধনী অনুষ্ঠানে মহাবিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের উপস্থিতি ছিলো লক্ষ্যণীয়। রক্তের সঙ্কট মেটাতে সামাজিক দায়বদ্ধতার কথা মাথায় রেহেখ এদিন মহাবিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা স্বেচ্ছায় রক্তদান করেন। রক্তদান শিবিরকে কেন্দ্র করে ছাত্র ছাত্রীদের মধ্যে উৎসাহ উদ্দীপনা ছিলো বেশ নজরকাডা। এদিন রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যের কৃষি পরিবহন ও পর্যটন দপ্তরের মন্ত্রী প্রনজিৎ সিংহ রায় বলেন মহাবিদ্যালয়ের বর্তমান ছাত্র ছাত্রীরাই আগামী দিনে দেশের ভবিষ্যত এবং দেশ গডার কারিগর। সামাজিক দায়বদ্ধতা এবং সমাজ কল্যাণে মহাবিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের এই রক্তদান খুবই মহথী উদ্যোগ। রক্তের প্রতিদিন প্রতিনিয়ত প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে। এই মহাবিদ্যালয়ে বর্তমানে প্রায় পাঁচ হাজার ছাত্র ছাত্রী রয়েছে। তাই বছরে শুধুমাত্র একদিন নয়, মুমূর্যু রোগীদের প্রান বাচাতে বছরের প্রতিনিয়ত ধাপে ধাপে একটা বড অংশের ছাত্র ছাত্রী এবং অধ্যাপক অধ্যাপিকারা যেন রক্তদানে অংশগ্রহণ করে এদিন সেই আহবান রাখেন মন্ত্রী প্রনজিৎ সিংহ রায়।

## রক্তদানের চেয়ে মহৎ কোনো কাজ নেই



প্রত্যাশা ত্রিপুরা প্রতিনিধি, বাগমা।। বুধবার এক মেগা রক্তদান শিবিরের আয়োজন করলো উদয়পুর নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের এন এস এস ইউনিট এর ছাত্র ছাত্রীরা। উদয়পুর নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের এন এস এস ইউনিটের সাতদিন ব্যাপী বিশেষ শিবিরের অঙ্গ হিসেবে বুধবার এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়। সার্বিক সহযোগিতায় ছিলো নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের এলামনি এসোসিয়েশন এর প্রাক্তন ছাত্র ছাত্রীরা। এদিন প্রদীপ প্রজ্জ্বলন করে এই রক্তদান শিবিরের উদ্ভোধন করেন কৃষি পরিবহন ও পর্যটন দপ্তরের মন্ত্রী প্রনজিৎ সিংহ রায়। এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী প্রবীর দাস, উদয়পুর নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডঃ সুধন দেবনাথ, সমাজসেবী রাকেশ শীল, অধ্যাপক অঞ্জন পোদ্দার, গোমতী জেলা ব্লাড ব্যাঙ্ক ইনচার্জ ডাঃ সঞ্জিত নোয়াতিয়া, উদয়পুর নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের এন এস এস পোগ্রাম অফিসার প্রদীপ চক্রবর্তী প্রমুখ। এদিন এই রক্তদান শিবিরের উদ্ভোধনী অনুষ্ঠানে মহাবিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের উপস্থিতি ছিলো লক্ষ্যণীয়। রক্তের সঙ্কট মেটাতে সামাজিক দায়বদ্ধতার কথা মাথায় রেখে এদিন মহাবিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা স্বেচ্ছায় রক্তদান করেন।